গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী
(প্রশাসন শাখা)
rajshahi.judiciary.gov.bd

আদেশ নং- ৪৭ /২৫-জি, তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ / ১২ মে ২০২৫

অদ্য বিকাল ৪.৩০ ঘটিকায় রাজশাহীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর অভিযুক্ত বেঞ্চ সহকারী জনাব মোঃ নজরুল ইসলামের ব্যক্তিগত শুনানীর জন্য দিন ধার্য রহিয়াছে। অভিযুক্ত বেঞ্চ সহকারী সশরীরে বিকাল ৪.৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর খাস কামরায় হাজির হইয়া আনীত অভিযোগ সম্পর্কে প্রায় পুরোটা সময়েই নিশ্চুপ ছিলেন এবং তাহার কৃত অপরাধের (ভূল-ত্রুটি) জন্য নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন। তবে তিনি নিম্নস্বাক্ষরকারীর নিকট স্বীকার করেন যে, তিনি চাকুরী জীবনের শুরু হইতে বিভিন্ন সময়ে অফিসের কিছু আনুষঙ্গিক খরচ বহন যেমনঃ কলম ক্রয়, জেল খানায় জামিন নামা প্রেরণ, বিভিন্ন অফিসে পত্র প্রেরণের জন্য পিয়ন/ জারীকারকের যাতায়াত ভাড়া প্রদানের জন্য মামলার পক্ষগণের নিকট হইতে তাহারা খুশি হইয়া যে অর্থ প্রদান করেন তাহা গ্রহণ করিয়া আসিতেছেন। তাহার উপরোক্ত বক্তব্য প্রমাণ করে যে, তিনি একজন স্বভাবজাত উৎকোচ গ্রহণকারী (Habitual bribe receiver)। তবে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য না মিথ্যা এই বিষয়ে তিনি সরাসরি কোন স্বীকারোক্তি ও প্রদান করেন নাই বা অস্বীকার ও করেন নাই। ফলে তাহার ব্যক্তিগত শুনানীতে পেশকৃত বক্তব্য সন্তোষজনক ও গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(২) (ঘ) বিধির বিধান মোতাবেক রাজশাহীর চতুর্থ অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ শফিউল আলমকে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হইল।

সরকারপক্ষে বিভাগীয় মামলাটি পরিচালনার জন্য রাজশাহীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আখতারুল ইসলামকে উপস্থাপনকারী কর্মকর্তা নিয়োগ করা হইল।

সংশ্লিষ্ট সকলকে আদেশের অনুলিপি সরবরাহ করা হউক।

১২/৫/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
(সার্ভিস আইডি- ১৯৯৪১১৩০২২),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইলঃ districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ৮৬৭ /২৫(৫)-জি, তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ / ১২ মে ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল:

১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা,
২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা,
৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী,
৪। জনাব মোঃ শফিউল আলম, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, চতুর্থ আদালত, রাজশাহী,
৫। জনাব মোঃ আখতারুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী,
৬। জনাব মোঃ নজরুল ইসলাম, বেঞ্চ সহকারী (সাময়িক বরখাস্ত), চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী ও
৭। অফিস কপি।

জেলা ও দায়রা জজ আদালত রাজশাহী

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
জেলা ও দায়রা জজ আদালত,
রাজশাহী।